বাংলা বিভাগ অ্যালামনাই কল্যাণ তহবিল-বাবিক

রাজশাহী বিশ্ববিদ্যালয়

কার্যালয় : কক্ষ ৪০৯, শহীদুল্লাহ্ কলাভবন, বাংলা বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়

বাবিক পরিচালনা পর্ষদ ও ম্যানেজিং কমিটির প্রথম সভা (অনলাইন), রাজশাহী ২৬ ফেব্রুয়ারি, ২০২৬

কার্যবিবরণী

গত ১৬.০২.২০২৬ খ্রি সোমবার বিকেল চারটায় বাংলা বিভাগ অ্যালামনাই কল্যাণ তহবিল (বাবিক) পরিচালনা পর্ষদ ও ম্যানেজিং কমিটির যৌথসভা ভার্চুয়াল গুগলমিটে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন বাবিক ম্যানেজিং কমিটির চেয়ারম্যান কবি জামিল রায়হান। চেয়ারম্যান মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে আলোচ্য বিষয় অনুযায়ী আলোচনা শুরু করেন। আলোচনায় যোগ দেন আপেল আবদুল্লাহ, এলিনা খান, শহীদ ইকবাল, ব্রাইনির ইসলাম, মাহবুব আলম, আবদুল হাই সিদ্দিকী, ফারজানা মেহবুব শায়লা. ড. আবদুল ওহাব, মাহমুদা আকতার পিংকী, বেলায়েত হোসেন বাবলু ও ফিরোজ আহমেদ।

আলোচনা সভায় সঞ্চয়ী হিসাবের স্বাক্ষরকারী পরিবর্তন, সঞ্চিত অর্থ এফডিআর করণ, প্রতিশ্রুত অনুদানসংগ্রহ, কল্যাণ কার্যক্রমের নীতিমালা প্রণয়ন, তহবিল সমৃদ্ধকরণ, ম্যানেজিং কমিটির সদস্যপদ বৃদ্ধি ও বিবিধ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:

১. ৩০ জানুয়ারি ২০২৬ বাবিক পরিচালনা পর্ষদ ও ম্যানেজিং কমিটি গঠিত হওয়ায় সোনালী ব্যাংক রাবি শাখা সঞ্চয়ী হিসাব নম্বর: ৪৬২৭৬০১০০৪২৬৮ - এর স্বাক্ষরকারী পরিবর্তনের সিদ্ধান্ত হয়। প্রবিধানমালা ১২ (ছ) অনুযায়ী জামিল রায়হান চেয়ারম্যান, ব্রাইনির ইসলাম সদস্য সচিব ও আবদুল হাই সিদ্দিকী ট্রেজারার - এই তিনজনের মধ্যে যে কোনো দুই জনের স্বাক্ষরে হিসাবটি পরিচালিত হবে। তবে ট্রেজারারের স্বাক্ষর হবে আবশ্যিক।

২. সঞ্চয়ী হিসাবে প্রাথমিকভাবে ১১ লক্ষ টাকা স্থিতি হওয়ার সাথে সাথে অধিকতর মুনাফার জন্য যে কোনো নিরাপদ তফশিলি ব্যাংকে মেয়াদী আমানত করতে হবে। পরবর্তীতে সঞ্চয়ী হিসাবে যখন ১ লক্ষ টাকা স্থিতি হবে তাও পর্যায়ক্রমে মেয়াদী আমানতে রাখতে হবে।

৩. (ক) গত দ্বি-বার্ষিক সাধারণ সভায় যারা অনুদানের প্রতিশ্রুতি দিয়েছেন তাদের প্রতিশ্রুত অর্থ দ্রুত সংগ্রহ করতে হবে। এ বিষয়ে চেয়ারম্যান , সদস্য সচিব, সহকারী সদস্য সচিব,ও পরিচালক ড. আবদুল ওহাব ও মাহবুব আলম ব্যক্তিগতভাবে যোগাযোগ করবেন। প্রয়োজনে পত্র দিয়ে অনুরোধ করতে হবে।

(খ) বাংলা বিভাগ অ্যালামনাইয়ের সকল জীবন সদস্যকে চেয়ারম্যান ও সদস্য সচিবের স্বাক্ষরে পত্র দিয়ে বাবিকের পরিচালক বা জীবন সদস্য হবার আহবান জানাতে হবে।

৪. কল্যাণ তহবিলের সঞ্চিত অর্থ থেকে ১ জানুয়ারি ২০২৭খ্রি. হতে কল্যাণ কার্যক্রম শুরু করা হবে। প্রকৃত দরিদ্র ছাত্র, বাবিক ও অ্যালামনাই সদস্য যাতে করে অধ্যয়ন সহযোগিতা, জরুরি চিকিৎসা সহযোগিতা, মৃত্যু জনিত কারণে অসহায় পরিবারকে সহযোগিতা সহ বিভিন্ন কার্যক্রম যথা শিক্ষা সংস্কৃতিসহ বিভিন্ন ক্ষেত্রে মেধা ও মনন বিকাশে সহযোগিতা পান সে জন্য সুনির্দিষ্ট নীতিমালা এবং একটি কল্যাণ তহবিল আবেদন পত্র (প্রফর্মা) প্রস্তুত করতে হবে। এ জন্য ১. ব্রাইনির ইসলাম আহবায়ক ২. শহীদ ইকবাল ৩. ড. আবদুল

যোগাযোগ : +৮৮০১৭১১-২৬০৩৯০, +৮৮০১৭১২-২৪৩৭৪৭
ই-মেইল : jrfirdous1971@gmail.com
সকল হালনাগাদ তথ্যের জন্য ভিজিট করুন ওয়েবসাইট : bangladeptalumniru.org

ওহাব ৪. মাহমুদা আকতার পিংকী ৫. ফিরোজ আহমেদ ও ৬. তবিবুর রহমানকে সদস্য এবং আবদুল হাই সিদ্দিকীকে সদস্য সচিব করে ৭ সদস্যবিশিষ্ট কমিটি করা হয়। এই কমিটি ৬০ দিনের মধ্যে ম্যানেজিং কমিটির নিকট সুনির্দিষ্ট নীতিমালা (গাইড লাইন) এবং সুনির্দিষ্ট আবেদন পত্র (প্রফর্মা) উপস্থাপন করবে। প্রবিধানমালা অনুযায়ী সকল অর্থ চেকের মাধ্যমে প্রদেয় হবে। বিষয়টিও নীতিমালায় উল্লেখ থাকতে হবে।

৫. (ক) কল্যাণ তহবিলের ফান্ড বৃদ্ধির লক্ষ্যে চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানের স্বাক্ষরে বিভিন্ন দাতা সংস্থা, দেশি-বিদেশি বড় বড় কোম্পানি- শিল্প প্রতিষ্ঠান বরাবরে পত্র দিয়ে কল্যাণ অনুদান সংগ্রহের প্রচেষ্টা নেয়া হবে।

(খ) ম্যানেজিং কমিটির ভাইস চেয়ারম্যান অ্যাডভোকেট এলিনা খান যাকাতের অর্থ গ্রহণের প্রসঙ্গ উত্থাপন করেন। বিস্তারিত আলোচনায় যাকাতের অর্থ গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।তবে শর্ত থাকে যে, যাকাত থেকে প্রাপ্ত অর্থ এখন থেকে কল্যাণধর্মী কাজে খরচ করা যাবে। এই অর্থ লগ্নি করা যাবে না।এ জন্য প্রবিধানমালায় যাকাত সংক্রান্ত একটি উপধারা সংযোজন করতে হবে।এ ছাড়া বাবিক যাকাত তহবিল শিরোনামে একটি নতুন হিসাব খুলতে হবে।

৬. ম্যানেজিং কমিটির কাজের পরিধি অনেক বিস্তৃত ও প্রযুক্তি নির্ভর হওয়ায় কমিটির সদস্য সচিব 'দপ্তর সম্পাদক' নামে একটি পদ সৃষ্টির প্রয়োজনীয়তার প্রসঙ্গ উত্থাপন করেন। বিষয়টি অনুধাবন পূর্বক তার এ প্রস্তাব গৃহীত হয় এবং সংখ্যাতাত্ত্বিক প্রয়োজনে একটি সদস্য পদও সৃষ্টি করা হয়। দপ্তর সম্পাদক পদে তবিবুর রহমান, জীবন সদস্য নম্বর ৩১৩ এবং সদস্য পদে আলমগীর হোসেন , জীবন সদস্য নম্বর ৮৩ কে দায়িত্ব প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়টি প্রবিধানমালায় সংযোজনের সিদ্ধান্ত গৃহীত হয়। এ ছাড়া প্রবিধান মালায় ৯ ধারার দুটি উপধারা যথাযথভাবে বিন্যস্ত করার বিষয়েও সভায় সিদ্ধান্ত হয়।

৭. বিবিধ: সিদ্ধান্ত

কল্যাণ তহবিলের ফান্ড ৫০ লক্ষ টাকা হলে কাজের প্রয়োজনীয়তার স্বার্থে কল্যাণ তহবিলের জন্য একটি অফিস ভাড়া নেয়া যাবে এবং এই অফিস অ্যালামনাইয়ের কাজেও ব্যবহৃত হবে।

সভায় আর কোনো আলোচনা না থাকায় চেয়ারম্যান মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

জামিল রায়হান
চেয়ারম্যান
বাবিক

ব্রাইনির ইসলাম
সদস্য সচিব
বাবিক